

## সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫২৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩০]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ الْأَشْعَثِ بْنِ أَبِي الشَّعْثَاءِ، عَنْ الْأَسْوَدِ بْنِ هَلَالٍ، عَنْ ثَعْلَبَةَ بْنِ زَهْدَمٍ، قَالَ: كُنَّا مَعَ سَعِيدِ بْنِ الْعَاصِي بِطَبْرِسْتَانَ وَمَعَنَا حُذَيْفَةُ بْنُ الْيَمَانِ، فَقَالَ: أَيُّكُمْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ؟ فَقَالَ حُذَيْفَةُ: أَنَا فَوَصَفَ، فَقَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ بِطَائِفَةٍ رَكْعَةً صَفَّ خَلْفَهُ وَطَائِفَةٍ أُخْرَى بَيْنَهُ وَبَيْنَ الْعَدُوِّ، فَصَلَّى بِالطَّائِفَةِ الَّتِي تَلِيهِ رَكْعَةً، ثُمَّ نَكَصَ هَؤُلَاءِ إِلَى مَصَافٍ أُولَئِكَ، وَجَاءَ أُولَئِكَ فَصَلَّى بِهِمْ رَكْعَةً.

تخريج دارالدعوة: سنن أبي داود/الصلاة ٢٨٧ (١٢٤٦) مختصراً، مسند احمد ٥/٣٨٥، ٣٩٥، ٣٩٩، ٤٠٤، ٤٠٦، (تحفة الأشراف: ٣٣٠٤) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1530 - صحيح

বাংলা

১৫২৯. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... সা'লাবাহ্ ইবনু যাহদাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা ত্ববারিস্তানে সা'ঈদ ইবনুল আসী (রাঃ) -এর সাথেই ছিলাম। আর আমাদের সাথে হুযায়ফাহ্ ইবনুল ইয়ামান (রাঃ)-ও ছিলেন। তিনি [সাঈদ (রাঃ)] বললেন, তোমাদের মধ্যে কে রসূলুল্লাহ (সা.) -এর সাথে ভয়কালীন সালাত আদায় করেছে? তখন হুযায়ফাহ (রাঃ) বললেন, আমি। আর তিনি সেই সালাতের বর্ণনা দিতে গিয়ে বললেন, রসূলুল্লাহ (সা.) এক গ্রুপের সাথে ভয়কালীন এক রাক'আত সালাত আদায় করলেন। ঐ গ্রুপ রসূলুল্লাহ (সা.) -এর পিছনে কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে ছিল। আর দ্বিতীয় গ্রুপ তার এবং শত্রুর মাঝখানে দাঁড়িয়ে ছিল। আর যে গ্রুপ তার পিছনে ছিল তাদের সাথে এক রাক'আত সালাত আদায় করলেন। অতঃপর তারা তাদের [যারা রসূলুল্লাহ (সা.) শত্রুর মাঝে দাঁড়িয়েছিল] কাতারবন্দী হওয়ার স্থানে ফিরে গেল এবং তারা (যারা সালাত আদায় করেনি)

এলো। তখন তিনি তাদের নিয়ে এক রাক'আত সালাত আদায় করলেন।

## English

It was narrated that Tha'labah bin Zahdam said: We were with Sa'eed bin Al-'Asi in Tabaristan, and Hudhaifah bin Al-Yaman was with us. He said: 'Which of you offered the fear prayer with the Messenger of Allah (ﷺ)?' Hudhaifah said: 'I did', and he described it. He said: 'The Messenger of Allah (ﷺ) offered the fear prayer, leading one group who had formed rows behind him in praying one rak'ah, while the other group was between him and the enemy. So he led the group that was near him in praying one rak'ah, then they left and took the place of others, and the others came and he led them in praying one rak'ah.'

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ১২৪৬, মুসনাদে আহমাদ ২৩৩১৬, সহীহ ইবনু খুযায়মাহ ১৩৪৩, ইরওয়াউল গালীল ৩/৪৪.  
সহীহ আবু দাউদ ১১৩৩।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সা'লাবাহ ইবনু যাহদাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90025>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন